



# SAJIB CHEMICAL CO. LTD.

Rupayan Taj, suite no:H5, 5th Floor, 1, 1/1, Naya Polton, Dhaka-1000.

সূত্র নং :

তাং : ১৫/ ১২/ ২০১৩ ইং

## ব্যবসানীতি-২০১৪ইং

সম্মানিত পরিবেশকগণ,

আন্তরিক শুভেচ্ছা নিবেন। অত্যন্ত আনন্দের সাথে কোম্পানী ২০১৪ সালের ব্যবসানীতি ঘোষণা করছে। নতুন ব্যবসানীতি ২০১৪ সালের ১লা জানুয়ারী থেকে কার্যকর হবে। একই সাথে ২০১৩ সালের ব্যবসানীতি বাতিল বলে গণ্য হবে।

১। (ক) পণ্যের ট্রেড মূল্যে ব্যবসা পরিচালিত হবে। কোম্পানী প্রয়োজন অনুযায়ী যে কোন সময় যে কোন পণ্যের ট্রেড মূল্যে / খুচরা মূল্য সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করে। সম্ভব হলে সংশোধিত মূল্য কার্যকর হওয়ার দুই সপ্তাহ পূর্বে সম্মানিত পরিবেশকগণকে অবহিত করা হবে।

(খ) সেলস রিবেট, কমিশন, ডিসকাউন্ট ইত্যাদি ট্রেড মূল্যের উপর প্রদত্ত হবে।

২। (ক) বিক্রয় বৃদ্ধির লক্ষ্যে কোম্পানী ও পরিবেশক অংশীদারীত্বের ভিত্তিতে সময়ে সময়ে এক বা একাধিক পণ্যের নির্দিষ্ট সংখ্যার উপর প্রোডাক্ট বোনাস, অর্থছাড় ইত্যাদি প্রদান করতে পারে।

(খ) বিক্রয় বৃদ্ধির লক্ষ্যে কোম্পানী ও পরিবেশক অংশীদারীত্বের ভিত্তিতে সময়ে সময়ে নির্দিষ্ট ইনভয়েস মূল্যের উপর উপহার ঘোষণা করতে পারে।

(গ) বিক্রয় বৃদ্ধির লক্ষ্যে কোম্পানী ও পরিবেশক অংশীদারীত্বের ভিত্তিতে সময়ে সময়ে বিনা মূল্যে ভোক্তাদের উদ্দেশ্যে কোন পণ্যের পরিমানের অতিরিক্ত সরবরাহ করতে পারে, কিংবা পণ্যের সাথে উপহার সামগ্রী প্রদান করতে পারে।

৩। (ক) কোম্পানী পরিস্থিতি এবং সুবিধানুযায়ী যেকোন ট্রান্সপোর্ট/কুরিয়ার সার্ভিসে পণ্য পাঠাতে পারবেন।

(খ) পরিবেশকদের জন্য সর্বমোট ১০% কমিশন প্রদান করা হবে। উল্লেখ্য কোম্পানী নিজ খরচে পরিবেশকের স্থানীয় ট্রান্সপোর্ট অফিস পর্যন্ত পণ্য পৌঁছানোর খরচ বহন করবে।

৪। (ক) পণ্যের সুষ্ঠু বাজারজাত করণের জন্য যে কোন সময় প্রতিটি জেলায় এক বা একাধিক পরিবেশক নিয়োগ করার ক্ষমতা কোম্পানী সংরক্ষণ করেন। নিয়োগকৃত পরিবেশকগণের মধ্যে যাদের বিনিয়োগ সংকট বা অবহেলার কারণে পণ্যের বাজারজাতকরণ ব্যাহত হচ্ছে বা হবে তাদের পরিবর্তে আর্থিক ভাবে স্বচ্ছল ও আন্তরিকভাবে যত্নবান পরিবেশক নিয়োগ করা হবে।

(খ) পণ্যের সুষ্ঠু বিতরণের জন্য পরিবেশকের শো-রুম অবশ্যই সকালে ও সন্ধ্যায় খোলা রাখতে হবে।

(গ) পণ্যের জন্য অর্থ প্রেরণের ক্ষেত্রে পরিবেশক কর্তৃক ব্যাংকে প্রদত্ত কমিশন কোম্পানী বহন করবে। তবে কোম্পানীর অনুমতি ব্যতীত ১লক্ষ টাকার নীচে টিটি / অনলাইন খরচ কোম্পানী বহন করবে না।

(ঘ) পরিবেশকদের কোন টেলিফোন বিল কোম্পানী বহন করবে না।

৫। (ক) পার্টিদের প্রদানের জন্য ঘোষিত প্রোডাক্ট বোনাস ইনভয়েস অনুযায়ী পরিবেশকদের অগ্রীম সরবরাহ করা হবে।

(খ) প্রতি ডজনে পরিবেশকদের প্রদত্ত প্রোডাক্ট বোনাস পার্টিদের প্রদান করতে হবে। প্রয়োজনে কিংবা কোম্পানীর নির্দেশ অনুসারে বোনাসকে টাকায় রূপান্তর করে প্রতি পিসে টাকার অংকে খুচরা বিক্রেতাদের প্রদান করতে হবে।

৬। (ক) পরিবেশকগণ অগ্রীম অনলাইন কিংবা নগদ অর্থ প্রেরণ করে পণ্য সরবরাহ নিবেন। কোন প্রকারেই অনলাইন কিংবা নগদ অর্থ প্রেরণ না করে পণ্যের অর্ডার প্রেরণ যুক্তিসঙ্গত হবে না।

(খ) কোম্পানীর লিখিত ডকুমেন্ট ব্যতীত কোনও প্রতিনিধিকে টাকা / পণ্য প্রদান করলে তার জন্য কোম্পানী দায়ী থাকবে না।



# SAJIB CHEMICAL CO. LTD.

Rupayan Taj, suite no:H5, 5th Floor, 1, 1/1, Naya Polton, Dhaka-1000.

সূত্র নং :

তাং : ১৫/ ১২/ ২০১৩ ইং

(গ) পণ্যের অর্ডার অফিসে পৌঁছার পর অফিস হতে পণ্য সরবরাহের জন্য দুইদিন সময়ের প্রয়োজন হতে পারে। এ ছাড়াও পরিবহনের সমস্যার কারণে কখনও কখনও সরবরাহকৃত পণ্য পৌঁছাতে দেরী হতে পারে। তাই সকল পণ্যের ইউনিট লক্ষ্যমাত্রা অনুযায়ী কমপক্ষে ১০ দিনের স্টক হাতে থাকতেই পরিবেশকগণ ইনমার্কেট কালেকশনের টাকা অনলাইন / নগদ অর্থ সহ পণ্যের অর্ডার পাঠাবেন।

(ঘ) অর্ডারকৃত কোন পণ্য স্টকে না থাকলে সরবরাহ করা যাবে না।

(ঙ) কোম্পানীর প্রতিনিধি দ্বারা পণ্য সরবরাহ (ডেলিভারি) করা যাবে না। যদি কোন দিন জরুরীভাবে পণ্য সরবরাহে পাঠানো হয় / যেতে হয় তবে প্রতিনিধির উক্ত দিনের সম্পূর্ণ ব্যয়ভার (বেতন ও টিএ ডিএ) পরিবেশক বহন করবে। সেক্ষেত্রে কোন টাকা বা পণ্য খোয়া গেলে তার দায়-দায়িত্ব কোম্পানী বহন করবে না।

(চ) সদর মার্কেটে উল্লেখযোগ্য হারে বিক্রয় বৃদ্ধির জন্য পরিবেশক ও প্রতিনিধিগণ সমন্বিত বাস্তব পদক্ষেপ গ্রহন করে অর্ডার সংগ্রহ ও পণ্য সরবরাহ করবেন।

৭। (ক) সদর মার্কেটের জন্য প্রতিদিন সরবরাহ এবং কালেকশন সহ নিয়মিত তদারকীর জন্য পরিবেশকের লোক থাকবে। সদর মার্কেটের জন্য পরিবেশকের নিয়োজিত ব্যক্তিই পণ্য সরবরাহ এবং কালেকশন করবেন। কোম্পানীর এস ও, এস ই এ বিষয়ে পরিবেশকদের সময়ে সময়ে সহযোগিতা করবেন।

(খ) কোন পরিবেশক কোন পার্টিকে বাকীতে পণ্য সরবরাহের ক্ষেত্রে নিজ দায়িত্বে করবেন।

(গ) পরিবেশক কখনও কোন পার্টিকে বাকীতে পণ্য সরবরাহ করলেও এর জন্য পরবর্তীতে এস ও/এস ই এবং কোম্পানীকে দায়ী করা যাবে না।

(ঘ) কোম্পানীর পূর্ব-অনুমতি ব্যতীত কোন পার্টিকে ব্যবসানীতি বহির্ভূত কোন প্রকার অতিরিক্ত সুবিধা দেয়া যাবে না কিংবা প্রাপ্য সুবিধা থেকে বঞ্চিত করা যাবে না।

৮। (ক) পরিবেশক / প্রতিনিধির প্রেরিত কোন খালি পণ্যের কৌটা এবং প্যাকেট / লেভেল ছাড়া কোন পণ্য রিপ্রেসেন্টে হিসেবে কোম্পানী গ্রহন করবেনা।

(খ) ঋতু পরিবর্তনের কারণে পার্টি / বিক্রেতাদের কোন পণ্য কিংবা পরিবেশকের ষ্টকের কোন পণ্য পরিবর্তন বা ফেরতযোগ্য নয়।

(গ) পরিবেশকের নষ্ট পণ্যের পরিমাণ যেন ২% এর মধ্যে থাকে সে ব্যাপারে সতর্ক থাকতে হবে।

(ঘ) এস.ও. এবং এস.ই. স্বাক্ষর ছাড়া নষ্ট পণ্য ঢাকা অফিসে ফেরৎ পাঠালে তা গ্রহন করা হবে না।

৯। কোম্পানী উল্লেখিত নীতিমালার যে কোন পরিবর্তন করার অধিকার সর্বদা সংরক্ষণ করে।

আপনার সুস্বাস্থ্য ও সাফল্য কামনায়। ধন্যবাদ।

আপনার বিশ্বস্ত

( শিবাশিস সরকার )

চীফ অপারেটিং অফিসার,

ডিরেক্টর (সেলস এন্ড মার্কেটিং)